দৈনিক ইনকিলাব

তারিখ AUG. 1-1-1999
পৃষ্ঠা ৫ কলাম ৭

47

### মাদ্রাসা শিক্ষক সমিতির সমাবেশ

# চান্দিনা থানাকে নিরক্ষর ও সন্ত্রাসমুক্ত করার অঙ্গীকার

ইনকিলাব রিপোর্ট ঃ কুমিল্লা জেলার চান্দিনায় গত রবিবার বদরপুর নেসারিয়া সিনিয়র মাদ্রাসা প্রাঙ্গণে মাদ্রাসার প্রিন্সিপাল ও চান্দিনা থানা মাদ্রাসা শিক্ষক সমিতির সভাপতি মওলানা আব্দুল বাতেনের সভাপতিত্বে থানার বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনার উদ্দেশ্যে এক সভা হয়। এতে থানার ২৪টি আলেম, ফাজেল, দাখিল মাদ্রাসার প্রিন্সিপাল, শিক্ষক, ছাত্র এবং ১২টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ উপস্থিত ছিলেন। সভায় ছাত্র-শিক্ষকসহ দশ হাজার লোক যোগদান করেন। সাতগাঁও মাদ্রাসার প্রিন্সিপাল রানীচড়া আদর্শ বালিকা আলিম মাদ্রাসার প্রিন্সিপাল, পানিপাড়া দাখিল মাদ্রাসার প্রিন্সিপাল এবং নেসারিয়া সিনিয়র মাদ্রাসার প্রিন্সিপাল বক্তব্য রাখেন। তারা বলেন যে, চান্দিনা থানায় কোন মাদ্রাসার সরকারী অর্থ সাহায্য অর্থাৎ এমপিও বন্ধ হয়নি। তদুপরি গল্লাই গ্রামে আর একটি নয়া মাদ্রাসা স্থাপন করা হয়েছে। গত বছর নাওতলা মাদ্রাসা, বিহর মাদ্রাসা ও চান্দিনা আল-আমীন সিনিয়র মাদ্রাসায় নয়া ভবন স্থাপন করা হয়েছে। অন্যান্য মাদ্রাসায়ও সরকারী আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। চান্দিনা থানার অধিকাংশ মসজিদের উন্নয়ন ও সংস্কার করার জন্য টিআর গম ও নগদ অর্থ দিয়ে সাহায্য করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের পল্লী গৃহায়ণ প্রকল্পের অধীনে গরীবদের গৃহ নির্মাণের জন্য স্বল্প সুদে ঋণ দেয়া হচ্ছে। যুব মন্ত্রণালয়, সমাজ কল্যাণ অধিদপ্তর, মহিলা অধিদপ্তর ও ভূমি মন্ত্রণালয় থেকে অর্থ সহায়তা গ্রহণ করে কর্ম-সংস্থান সৃষ্টি করে দারিদ্র্য মোচনের প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। চান্দিনা থানায় সংসদ সদস্য প্রফেসর মোহাম্মদ আলী আশরফের উদ্যোগে এই সব সমাজ কল্যাণমূলক কাজ হচ্ছে। তার উদ্যোগে মহিলাদের শিক্ষার প্রসারের জন্য চান্দিনার প্রাণ কেন্দ্রে চান্দিনা মহিলা কলেজ প্রতিষ্ঠা করা হয়েছে। নাওতলা মাধাইয়া কলেজ, তেল্লাই নবাবগঞ্জ কলেজ, কেরন মাল উচ্চ বিদ্যালয়, ধোল্লাহ নওয়াবপুর বালিকা বিদ্যালয় এবং গল্লাই ইসমাইল দাখিল মাদ্রাসা তার উদ্যোগে প্রতিষ্ঠিত হয়েছে। চান্দিনা থানার রাস্তা-ঘাট ও পুল সংস্কার এবং পাকা করা হয়েছে। চান্দিনা থানায় সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড জোরদার করার উদ্দেশ্যে কুটুমপুর গ্রামের কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ -এর মাধ্যমে অতি শীঘ্রই দশ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হবে। এই কেন্দ্রটি চান্দিনা থানার প্রতিটি অঞ্চলে বিদ্যুৎ সরবরাহে যথেষ্ট ভূমিকা পালন করবে।

নেসারিয়া মাদ্রাসা প্রাঙ্গণে অনুষ্ঠিত রোববারের সভায় চান্দিনা থানায় মসজিদের ইমামগণও যোগদান করেন। সভায় সংসদ সদস্য প্রফেসর মোহাম্মদ আলী আশরাফ বলেন যে, চান্দিনা থানায় কোন ধর্মীয় প্রতিষ্ঠান বন্ধ হবে না। সমাজে সন্ত্রাস নির্মূলে তার কার্যক্রম সমর্থন জানানোর জন্য তিনি স্থানীয় জনপ্রতিনিধিদের ধন্যবাদ জানান। তিনি বলেন যে, বিশ্বের মুসলমানগণ ঐক্যবদ্ধ হয়ে কাজ করলে তাদের মধ্যে দারিদ্র্য থাকবে না। উত্তর আমেরিকা; ইউরোপ, আফ্রিকা, দক্ষিণ আমেরিকা, দক্ষিণ-পূর্ব এশিয়া এবং প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল যেভাবে আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধি এবং অর্থনৈতিক উন্নয়নের জন্য কাজ করছে, তেমনি ইসলামী সম্মেলন সংস্থার সদস্য দেশগুলোর ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। একবিংশ শতাব্দী হবে প্রতিযোগিতার যুগ। ইসলামী বিশ্ব সম্মিলিতভাবে কাজ করে প্রতিযোগিতার মোকাবিলা করতে হবে। তা না হলে প্রতিযোগিতায় টিকে থাকা যাবে না। ১০ এবং ১১ আগস্ট ইসলামবাদে ইসলামী সম্মেলন সংস্থার সংসদ সদস্যদের কার্যনির্বাহী কমিটির সভা হচ্ছে। এতে ইসলামী দেশগুলোর সমস্যা নিরসনের সুপারিশ প্রণয়ন করা হবে। আগামী শতাব্দীতে প্রবল প্রতিযোগিতার ফলে আন্তর্জাতিক সাহায্য ও সহযোগিতা তেমন পাওয়া যাবে না। আমাদের মত গরীব দেশের জন্য তখন অবস্থা হবে ভয়ঙ্কর। আমরা যদি প্রকৃত শিক্ষা অর্জন করি, তা হলে আমরা সাফল্যের সাথে আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিযোগিতার মোকাবিলা করতে পারব। আমাদের আদর্শ মহানবী (সাঃ)। তিনি মানুষকে শিক্ষায় ও কর্মে শ্রেষ্ঠ হতে শিক্ষা দিয়েছেন। তিনি নিজ হাতে জীবনের সব কাজ করতেন। মহানবী (সাঃ)-এর আদর্শ অনুসরণ করে সমাজের অবিচার ও অনাচার নির্মূল করতে হবে। সভায় সকলে অঙ্গীকার করেন যে, শুক্রবার জুমার নামাজের আজানের সাথে সাথে সকলে মসজিদে এসে জুমার নামাজ আদায় করবেন। সভায় সকলে অঙ্গীকার করেন যে, চান্দিনা থানাকে সন্ত্রাসমুক্ত ও নিরক্ষরমুক্ত করা হবে। অসামাজিক কাজ বন্ধ করা হবে। দারিদ্র্য দূরীকরণ কর্মসূচী অব্যাহতভাবে বাস্তবায়ন করা হবে। সভায় এই আশা ব্যক্ত করা হয় যে, সংসদ সদস্য প্রফেসর মোহাম্মদ আলী আশরাফের নেতৃত্বে ও প্রেরণায় চান্দিনা থানার জনগণ তাদের সার্বিক অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে সক্ষম হবে।